

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
(সরকারি মাধ্যমিক-১)  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং-৩৭.০০.০০০০.০৭১.১২.০৫৩.২২- ২৬৪

তারিখ : ২০ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ  
০৪ জুলাই, ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ২৩ মে ২০২৩ তারিখের ১২৮ নং স্মারকে জারিকৃত পরিপত্র অনুযায়ী মাধ্যমিক-১ অনুবিভাগের ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেড এ নিয়োগ/পদোন্নতি প্রদানের জন্য নিম্নরূপ বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি গঠন করা হলোঃ

(ক) কমিটি গঠন:

সংখ্যা	সিনিয়র সচিব/ সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	সভাপতি
১	সিনিয়র সচিব/ সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	সভাপতি
২	জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য
৩	অর্থ বিভাগের অতিরিক্ত সচিব/ যুগ্ম-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য
৪	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা	সদস্য
৫	অতিরিক্ত সচিব/ যুগ্ম-সচিব (মাধ্যমিক-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

- (ক) উপসচিব ব্যতীত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অধীন ক্যাডারভুক্ত এবং ক্যাডার বহির্ভূত জাতীয় বেতন স্কেল এর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে পদোন্নতি;  
(খ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত মন্ত্রণালয়/বিভাগের অধীন বেতন স্কেল এর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে সরাসরি নিয়োগ;  
(গ) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে বিভিন্ন স্বশাসিত সংস্থায় স্থায়ীভাবে বদলীকৃত/স্থায়ীভাবে শ্রেণিতে নিয়োজিত সরকারি কর্মকর্তাগণের বেতন স্কেল এর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে পদোন্নতি/নিয়োগ;  
(ঘ) সংশ্লিষ্ট আইন/নিয়োগবিধি অনুযায়ী বিভিন্ন স্বশাসিত সংস্থার পরিচালনা পরিষদ বহির্ভূত অন্য যে সকল পদের নিয়োগ/পদোন্নতি প্রদানের দায়িত্ব সরকারের, সেই সকল পদে নিয়োগ/পদোন্নতি;  
(ঙ) বেতন স্কেল এর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদের উচ্চতর টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের সুপারিশ (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১৪ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত প্রাপ্য বকেয়া);  
(চ) কোনো বিশেষজ্ঞ কারিগরি জ্ঞানসম্পন্ন প্রতিনিধির প্রয়োজন হইলে, সেইক্ষেত্রে সরকারি দপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধিকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
(মোসাম্মৎ রহিমা আক্তার)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ০২-৫৫১০০৭৪৯

নং-৩৭.০০.০০০০.০৭১.১২.০৫৩.২২- ২৬৪

তারিখ : ২০ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ  
০৪ জুলাই, ২০২৩ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা  
০৩. সিনিয়র সচিব/সচিব----- (সকল মন্ত্রণালয়/বিভাগ)  
০৪. মহাহিসাব নিয়ন্ত্রক, মহাহিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা  
০৫. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা  
০৬. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা  
০৭. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ----- অঞ্চল, -----  
০৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (এ বিভাগের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)

  
(মোসাম্মৎ রহিমা আক্তার)  
সিনিয়র সহকারী সচিব